

(একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
চিকিৎসা শিক্ষা-২ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

স্মারক নং-স্বাপকম/চিশিজ-২/রাচিঅ/বিবিধ-১৯/২০১১ (অংশ-২)/৪৯২

তারিখঃ- ১২-০৯-২০১৯ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ নিয়ন্ত্রিত লিখিত পরীক্ষার প্রশ্নপত্র সংগ্রহকরণ।**


সূত্রঃ- (১) বারচিঅ/১৬/১৯/২৭৬৭, তাং-২০-০৮-২০১৯ খ্রিষ্টাব্দ।  
(২) বারচিঅ/১৬/১৯/২৭৭১, তাং-২০-০৮-২০১৯ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ কর্তৃক নিয়ন্ত্রিত ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি কোর্সের জুলাই-২০১৯ইং পরীক্ষা আগামী ১৫-০৯-২০১৯খ্রিঃ তারিখ হতে শুরু হবে। বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ কর্তৃক নির্ধারিত ঢাকার বাহিরে অবস্থিত পরীক্ষা কেন্দ্রসমূহের প্রশ্নপত্রসমূহ পরীক্ষা শুরুর পূর্বে (১৩-০৯-২০১৯ তারিখ সকাল ০৯.০০ ঘটিকা) পরিচালক (চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর দপ্তর হতে সরবরাহ করা হবে।

০২। এমতাবস্থায়, উক্ত কোর্সের জুলাই-২০১৯খ্রিঃ পরীক্ষার প্রশ্নপত্র ১৩-০৯-২০১৯খ্রিঃ তারিখ সকাল ০৯.০০ ঘটিকায় ম্যাজিস্ট্রেট ও আইন শৃঙ্খলা বাহিনীর সদস্যের উপস্থিতিতে পরিচালক (চিকিৎসা, শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর দপ্তর হতে সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট জেলার ট্রেজারীতে জমা রাখার জন্য অনুরোধ করা হলো।

০৩। সূত্রস্থ পত্রের নির্দেশনানুযায়ী কেন্দ্রপ্রধানগণ পরীক্ষার সময়সূচী অনুযায়ী প্রতিদিন ট্রেজারী হতে প্রশ্নপত্র উত্তোলন করে পরীক্ষা গ্রহণ করবেন, প্রতিটি পরীক্ষা শেষে উত্তরপত্র ট্রেজারীতে জমা প্রদান করবেন এবং সকল লিখিত পরীক্ষা শেষে উত্তরপত্র ট্রেজারী হতে উত্তোলন করে বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদে জমা প্রদান করবেন।

সংযুক্তঃ পরীক্ষার সিডিউল।

  
(বদরুন নাহার)  
উপসচিব

ফোন-৯৫৪০৬৯০

[me2@mefwd.gov.bd](mailto:me2@mefwd.gov.bd)

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা {দৃঃআঃ- পরিচালক (চিকিৎসা শিক্ষা ও জনশক্তি উন্নয়ন)}।
- ২। অধ্যক্ষ, ময়মনসিংহ মেডিকেল কলেজ, ময়মনসিংহ।
- ৩। জেলা ম্যাজিস্ট্রেট- রাজশাহী/ বগুড়া/ রংপুর/ চট্টগ্রাম/ ঝিনাইদহ/ বরিশাল/ সিলেট/ সিরাজগঞ্জ/ টাঙ্গাইল/ কুমিল্লা/ ফরিদপুর/ ময়মনসিংহ (আগামী ১৩-০৯-২০১৯ তারিখে পরিচালক (চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর দপ্তর হতে ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি কোর্সের জুলাই-২০১৯ইং পরীক্ষার প্রশ্নপত্র গ্রহণ করার জন্য একজন ম্যাজিস্ট্রেট নিয়োগ করার অনুরোধ করা হলো)।
- ৪। পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়- রাজশাহী/ বগুড়া/ রংপুর/ চট্টগ্রাম/ ঝিনাইদহ/ বরিশাল/ সিলেট/ সিরাজগঞ্জ/ টাঙ্গাইল/ কুমিল্লা/ ফরিদপুর/ ময়মনসিংহ।
- ৫। অধ্যক্ষ, আইএইচটি/ম্যাটস-শহীদ এম মনসুর আলী ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি, সিরাজগঞ্জ/ রাজশাহী/বগুড়া/রংপুর/চট্টগ্রাম/ঝিনাইদহ/বরিশাল/সিলেট, টাঙ্গাইল/কুমিল্লা/ফরিদপুর।


স্মারক নং-স্বাপকম/চিশিজ-২/রাচিঅ/বিবিধ-১৯/২০১১ (অংশ-২)/৪৯২

তারিখঃ- ১২-০৯-২০১৯ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

- ৩। মহা-পুলিশ পরিদর্শক, পুলিশ সদর দপ্তর, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক- রাজশাহী/ বগুড়া/ রংপুর/ চট্টগ্রাম/ ঝিনাইদহ/ বরিশাল/ সিলেট/ সিরাজগঞ্জ/ টাঙ্গাইল/ কুমিল্লা/ ফরিদপুর/ ময়মনসিংহ।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সচিব, বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ, ২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়(মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৮। অতিরিক্ত সচিব (চিশি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৯। যুগ্ম সচিব (চিশি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

  
(বদরুন নাহার)  
উপসচিব